

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৫১

১/ পবিত্ৰতা অৰ্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২৯. জুমু'আর সালাতের জন্য গোসল করা

باب فِي الْغُسْلِ يَوْمَ الْجُمْعَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَة، عَنْ مَالِكِ، عَنْ سُمَى، عَنْ أَبِي صَالِحِ السَّمَّانِ، عَنْ أَبِي هُرَيْرَة، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَالَ " مَنِ اغْتَسَلَ يَوْمَ الْجُمُعَةِ غُسْلَ الْجَنَابَةِ فُكَأَنَّمَا قَرَّبَ بَدَنَةً وَمَنْ رَاحَ فِي السَّاعَةِ الثَّانِيَةِ فَكَأَنَّمَا قَرَّبَ بَقَرَةً وَمَنْ رَاحَ فِي السَّاعَةِ الثَّانِيَةِ فَكَأَنَّمَا قَرَّبَ بَقَرَةً وَمَنْ رَاحَ فِي السَّاعَةِ الثَّالِثَةِ فَكَأَنَّمَا قَرَّبَ كَبْشًا أَقْرَنَ وَمَنْ رَاحَ فِي السَّاعَةِ الرَّابِعَةِ فَكَأَنَّمَا قَرَّبَ كَبْشًا أَقْرَنَ وَمَنْ رَاحَ فِي السَّاعَةِ الرَّابِعَةِ فَكَأَنَّمَا قَرَّبَ كَبْشًا أَقْرَنَ وَمَنْ رَاحَ فِي السَّاعَةِ الرَّابِعَةِ فَكَأَنَّمَا مَرْبَ اللهَ لَالَّابِعَةِ فَكَأَنَّمَا قَرَّبَ بَيْضَةً فَإِذَا خَرَجَ الإِمَامُ حَضَرَتِ لَلْمَلائِكَةُ يَسْتَمِعُونَ الذّكْرَ " .

_ صحیح : ق

বাংলা

৩৫১। আবৃ হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি জুম্মার দিন জানাবাতের গোসলের ন্যায় গোসল করে সর্বপ্রথম জুম্মার সালাতের জন্য মসজিদে চলে আসবে, সে যেন একটি উট কুরবানীর সাওয়াব পাবে। আর যে ব্যক্তি তার পরে আসবে, সে একটি গাভী কুরবানীর সাওয়াব পাবে। তারপর তৃতীয় নম্বরে যে আসবে সে একটি ছাগল কুরবানীর সাওয়াব পাবে। তারপর চতুর্থ নম্বরে যে আসবে সে একটি মুরগী কুরবানীর সাওয়াব পাবে। তারপর পঞ্চম নম্বরে যে আসবে সে আল্লাহর পথে একটি ডিম সাদাকা করার সাওয়াব পাবে। অতঃপর ইমাম যখন খুতবাহ্ দেয়ার উদ্দেশ্যে বের হয়ে আসেন, তখন মালায়িকাহ (ফিরিশতারা) খুতবাহ্ শোনার জন্য উপস্থিত হন।[1]

সহীহ: বৃখারী ও মুসলিম।

English



Abu Hurairah reported the Messenger of Allah (ﷺ) as saying:

Whoever takes bath due to sexual defilement on Friday and goes out (for Friday prayer), is treated like one who offers a camel as sacrifice; he who goes out in the second instance as one who offers a cow; he who goes out in the third instance is treated as one who offers horned cow; he who goes out in the fourth instance is treated as one who offers hen; he who goes out in the fifth instance is treated as one who offers an egg. When the Imam comes out (for sermon), the angels too attend to listen to the sermon.

ফুটনোট

- [1] বুখারী (অধ্যায়ঃ জুমু'আহ, অনুঃ জুমু'আহর ফাযীলাত, হাঃ ৮৮১) মুসলিম (অধ্যায়ঃ জুমু'আহ, অনুঃ জুমু'আহর দিনে সুগন্ধি লাগানো এবং মিসওয়াক) মালিক সূত্রে।
- এ অনুচ্ছেদের হাদীস থেকে শিক্ষাঃ
- ১। জুমু'আহর সালাতে উপস্থিত ব্যক্তির উপর গোসল করার প্রতি গুরুত্বদান।
- ২। ইমামের উচিত, তার অধিনস্তদের (মুসল্লীদের) ব্যাপারে সচেতন থাকা। কেউ ভালো ও ফাযীলাতপূর্ণ কাজ পরিহার করলে তার কাছে এর কৈফিয়াত চাওয়া বা কারণ জানতে চাওয়া, যদিও সে বড় হয়।
- ৩। প্রত্যেক বালেগ ব্যক্তিকে জুমু'আহর দিনে গোসলের প্রতি জোরদান, যদিও সালাতে উপস্থিত না হয়।
- ৪। প্রত্যেক প্রাপ্ত বয়স্ক ব্যক্তির জুমু'আহর সালাতে উপস্থিত হওয়া ওয়াজিব।
- ৫। জুমু আহর দিনে মু মিনদের উত্তম কাপড় পরার প্রতি উৎসাহ প্রদান।
- ৬। জুমু'আহর দিনে সুগন্ধি ব্যবহার করা মুস্তাহাব, যদি সুগন্ধি থাকে।
- ৭। জুমু'আহর দিনে যথাশিঘ্র মসজিদে উপস্থিত হওয়া মুস্তাহাব ও ফাযীলাতপূর্ণ কাজ।
- ৮। জুমু'আহর দিনে অন্যের ঘার টপকিয়ে সামনে যাওয়া অপছন্দনীয়।
- ৯। ইমাম মিম্বারে আসার পূর্ব পর্যন্ত মসজিদে উপস্থিত ব্যক্তির নাফল সালাত আদায় করা জায়িয।



১০। ইমামের খুৎবাহ্ চলাকালে অহেতুক কিছু করা নিষেধ ও অপছন্দনীয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন